**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 January 2026** **7:45 PM IST**

===========================================================================

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাজিরাঙ্গা এলিভেটেড করিডোর এবং জাতীয় সড়কের কলিয়াবর-নুমলীগড় অংশের চারলেন যুক্ত সড়কের উন্নীতকরণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ।

২) কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে গন্ডার হত্যা রোধের জন্য রাজ্যসরকারের গৃহীত পদক্ষেপের প্রধানমন্ত্রীর প্রশংসা ।

৩) কামাখ্যা রোহতক অমৃত ভারত বিশেষ ট্রেনটিকে বিভিন্ন রেল স্টেশনে স্বাগত ।

এবং

৪) তিনদিনব্যাপী আয়োজিত আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩ তম সমাবর্তন আগামীকাল আরম্ভ ।

---

উত্তরপূর্বাঞ্চল সম্প্রতি ভারতের উন্নয়নের নতুন দ্বার হিসেবে পরিগনিত হয়ে উঠেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন ।উত্তরপূর্বকে দেশের বাকী অংশের সংগে উন্নয়নের দিকে সমানভাবে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বিজেপি নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা লক্ষের বিষয়ে ও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । কাজিরাঙা এলিভেটেড করিডর প্রকল্প ও ১৭৫ নম্বর জাতীয় সড়কের কলিয়াবর - নুমলীগড় অংশের চারলেন সড়কের উন্নীতকরণের জন্য অনুষ্ঠিত ভূমিপূজায় প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ অংশ গ্রহণ করেন । এ উপলক্ষে কলিয়াবর মৌসন্দা মাঠে আয়োজিত এক জনসভায় ভাষন দেবার সময় শ্রী মোদী বলেন যে আসাম উন্নতির পথে এগিয়ে গেলে সমগ্র উত্তরপূর্বাঞ্চল ই উন্নতির দিকে এগিয়ে যাবে এবং তাতে দেশের উন্নয়ন সাধন হবে । ছহাজার ৯৫৭ কোটি টাকা ব্যয় সাপেক্ষে কাজিরাঙা জাতীয় উদ্যানের ওপর নির্মাণ করতে যাওয়া ৩৫ কিলোমিটার দৈর্ঘ্যের এলিভেটেড করিডর ও কলিয়াবর থেকে নুমলীগড় পর্যন্ত চার লেনের জাতীয় সড়ক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে প্রধানমন্ত্রী বলেন যে বিজেপি সরকার আসামের পরিকাঠামোর উন্নয়নকে বিশেষ অগ্রাধিকার প্রদান করছে । এর ফলে অঞ্চলটির জন্য নতুন নতুন সুযোগ ও দীর্ঘকালীন উন্নয়নের পথ প্রশস্ত হবে বলে মত প্রকাশ করেন । তিনি বলেন যে অর্থনীতি ও পরিবেশ একই সংগে এগিয়ে যেতে পারে এবং উভয়দিকের মধ্যে সংঘাত হতে পারে বলে তিনি বিশ্বাস করেননা । কাজিরাঙাকে দেশের জৈব বৈচিত্রের অমূল্য রত্ন বলে শ্রী মোদী অভিহিত করেন । কাজিরাঙার বন্যপ্রাণীকে রক্ষা করে আসামের ভবিষ্যত প্রজন্মকে সুরক্ষিত করাটা সরকারের দায়িত্ব বলে তিনি মন্তব্য করেন ।

প্রধানমন্ত্রী বলেন -----

বাইট

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজকের সভায় বৃহৎ সংখ্যক লোক সমবেত হয়েছে বলে উল্লেখ করে রাজ্যের উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা পদক্ষেপের জন্য মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

মুখ্যমন্ত্রী বলেন ------ বাইট

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলিয়াবর থেকে ভার্চুয়াল ব্যাবস্থায় শুভারম্ভ করা ডিব্রুগড়-লখনৌ অমৃত ভারত রেলগাড়ীর যাত্রার সঙ্গে সঙ্গতি রেখে চরাইদেও জেলার মরাণ রেল স্টেশন ও শিবসাগর জেলার শিমূলগুড়ি রেল জংশনে বিশেষ কার্যসূচী অনুষ্ঠিত হয় । স্থানীয় জনসাধারণ এবং রেল বিভাগের আধিকারিকদের উপস্থিতিতে ডিব্রুগড় থেকে যাত্রা আরম্ভ করা ট্রেনটিকে প্রথমে মরাণ রেল স্টেশন এবং পরে শিমূলগুড়ি রেল জংশনে স্বাগত জানানো হয় । উল্লেখ্য অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনে যাত্রীদের সুরক্ষার জন্য বেশকয়েকটি অত্যাধুনিক প্রযুক্তি সংযোজন করা হয়েছে । রেলগাড়ী দুটির শীত -তাপ নিয়ন্ত্রিত না থাকা কামরাগুলিতেও অর্ধস্বয়ংক্রিয় কাপলার , অগ্নি নির্বাপন প্রণালী ও টকবেক ইউনিট সহ অত্যাধুনিক সুরক্ষা ব্যাবস্থা রাখা হয়েছে । ডিব্রুগড় বাণিপুর রেল স্টেশনে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রামেশ্বর তেলী

,কেবিনেট মন্ত্রী প্রশান্ত ফুকন সহ বিশিষ্ট ব্যাক্তি ও রেল বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।
এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ যাত্রার শুভারম্ভ করা কামাখ্যা রোহতক অমৃত ভারত বিশেষ ট্রেনটিকেও বরপেটা রোড স্টেশনে স্বাগত জানানো হয় ।

---

গৌহাটী -উত্তর গৌহাটীর মধ্যে নির্মীয়মান কুমার ভাস্কর বর্মা সেতু আগামী মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্বোধন করবেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । সেইসঙ্গে তিনি গৌহাটী ক্লাব থেকে চানমারী , বামিনীমৈদান ,নুনমাটি সংযোগকারী উড়াল সেতুটিও আগামী মাসের মধ্যে উদ্বোধন করা হবে বলে আশা প্রকাশ করেন ।

---

কেন্দ্রীয় দক্ষতা বিকাশ ও উদ্যমিতা মন্ত্রনালয় আগামীকাল থেকে ২২ শে জানুয়ারী পর্যন্ত গৌহাটী বিশ্ববিদ্যালয়ে উত্তরপূর্ব আঞ্চলিক ভারতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৫-২৬ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করেছে । দেশের দক্ষতা বিকাশের ক্ষেত্রে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির স্থিতি শক্তিশালী করার লক্ষে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে । এর মাধ্যমে উত্তরপূর্বাঞ্চলের ৮ টি রাজ্যের যুবক যুবতীদের একত্রিত করা হবে ।২৬ টি বিভাগে দক্ষতা প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । কেন্দ্রীয় দক্ষতা বিকাশ ও উদ্যমিতা দপ্তরের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী আগামীকাল এই প্রতিযোগিতার উদ্ভোধন করবেন । গৌহাটী বিশ্ববিদ্যালয়ের বি কে বি প্রেক্ষাগৃহে এই প্রতিযোগীতা অনষ্ঠিত হবে । এর মাধ্যমে উত্তরপূর্বাঞ্চলে উদ্যোগের ক্ষেত্রে

উদ্যমিতা বিকাশ , প্রতিযোগীতামূলক মনোভাব বৃদ্ধি  ও জাতীয় ও আর্ন্তজাতিক মানের সংগে যুব সম্প্রদায়কে দক্ষতা বিকাশের ক্ষেত্রে যোগ্য করে তোলার প্রয়াস করা হচ্ছে ।শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু সামাজিক মাধ্যমে এবিষয়ে প্রকাশ করে বলেন যে এই প্রতিযোগীতা দক্ষতা বিকাশের মাধ্যমে যুব সমাজের সম্ভাবনাকে তুলে ধরা সহ আত্মনির্ভর ভারত গড়ার সংকল্পকে আধিক শক্তিশালী করবে বলে মত প্রকাশ করেন ।

---

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৬ ফেব্রুয়ারী আরম্ভ হবে । বিধানসভার কার্যসূচী উপদেষ্টা কমিটি এই অধিবেশন কতদিনের জন্য অনুষ্ঠিত হবে তা নির্ধারণ করবে । বিধানসবা নির্বাচন মার্চ মাসের শেষে অথবা এপ্রিল মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হবার সম্ভাবনা রয়েছে । এর পরিপ্রেক্ষিতে রাজ্যসরকার ২০২৬-২৭ অর্থ বছরের জন্য পূর্নাঙ্গ বাজেটের পরিবর্তে লেখানুদান দাখিল করবে ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩ তম সমাবর্তন আগামীকাল থেকে আগামী ২১ শে জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হবে । প্রথম দিন অর্থাৎ আগামীকাল বেলা সাড়ে ১১ টায় সমাবর্তনের সূচনা হবে । এতে প্রধান অতিথি হিসেবে দীক্ষান্ত ভাষণ দেবেন বেলুড় মঠের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের প্রো-চ্যান্সেলর স্বামী আত্মপ্রিয়ানন্দজি । আগামী মঙ্গলবার অর্থাৎ ২০ শে জানুয়ারী বেলা ১২ টায় দ্বিতীয় দিনের কার্যসূচীতে প্রধান অতিথি হিসেবে দীক্ষান্ত ভাষণ দেবেন অশোক লিল্যান্ডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কৃষ্ণণ সদাগোপন । আগামী বুধবার অর্থাৎ ২১

শে জানুয়ারী বেলা ১২ টায় সমাবর্তনের শেষ কার্যসূচীতে প্রাক্তন সেনা প্রধান মনোজ মুকুন্দ নারাভানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দীক্ষান্ত ভাষণ দেবেন । তিনদিনব্যাপী এই কার্যসূচীতে আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য অবসরপ্রাপ্ত চিফ এয়ার মার্শাল অরূপ রাহা পৌরহিত্য করবেন । আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস এবং কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের যৌথ উদ্যোগে নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১৩০তম জন্ম দিবস উদযাপন উপলক্ষ্যে আজ শিলচর সরকারী উচ্চতর বালক বিদ্যালয়ে অংকন ও ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । এউপলক্ষ্যে ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা সভানেত্রী স্বাগতা ভট্টাচার্য্য জেলার সর্বস্তরের জনগনকে আগামী ২৩শে জানুয়ারী সকাল ৮টায় গান্ধীবাগে নেতাজী সুভাষ চন্দ্র বসুর মূর্তির পাদদেশে এবং আগামী ২৭শে জানুয়ারী বিকাল ৩টায় সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকতে অনুরোধ করেছেন ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে এবং রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের অধীন এন আর এল এম-এর মিশন ওয়ান জিপি ওয়ান বিসি যোজনার অধীনে কাছাড় ও হাইলাকান্দি জেলার আত্ম-সহায়ক গোষ্টীর মহিলাদের জন্য ছয় দিনের ব্যাঙ্ক মিত্র ইডি পি প্রশিক্ষন কর্মশালা আজ থেকে শিলচরে শুরু হয়েছে । আর সেটি কাছাড়ের সঞ্চালক অরুনজ্যোতি দে প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রীদে বলেন যে গ্রামীন

অর্থনীতিকে শক্তিশালী করতে আর্থিক অর্ন্তভুক্তি অত্যন্ত জরুরী এবং ব্যাঙ্ক মিত্ররাই সরকারের বিভিন্ন ব্যাঙ্কিং পরিষেবা সাধারন মানুষের কাছে পৌছে দেওয়ার প্রধান ভরসা । উল্লেখ্য এই প্রশিক্ষনের মাধ্যমে অংশগ্রহনকারী মহিলারা আরো দক্ষ ও আত্ম বিশ্বাসী হয়ে উঠবেন বলে আশা করা হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুর থানার অর্ন্তগত উত্তর নারায়নপুর প্রথম খন্ড গ্রামে গতকাল বিকেলে বিদ্যুপৃষ্ট হয়ে ১২ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে । মৃত শিশুটির নাম জিয়ারুল আহমেদ শেখ । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে বিকেলে জিয়ারুল বাড়ীর ছাদে উঠে বানর তাড়াতে গেলে অসাবধানতাবশত সেসময় সে উচ্চ ক্ষমতাসম্পন্ন বিদুৎ তারের সংস্পর্শে চলে আসে । ঘটনা স্থলেই শিশুটির মৃত্যু হয় । আসাম পুলিশ ঘটনাস্থলে পৌছে মৃতদেহ ময়না তদন্তের জন্য পাঠায় ।

---

ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে আজ শ্রীভূমিতে উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্র ভিত্তিক এক দিবসীয় যুব সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । জেলা যুবমোর্চার সভাপতি চিরব্রত চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত যুব সম্মেলনে যুবকদের সংগঠিত করা , নেতৃত্ব বিকাশ এবং সাংগঠনিক কাজকর্মকে আরো গতিশীল করার উপর গুরুত্ব আরোপ করা হয় । আজকের যুব সম্মেলনে শ্রীভূমি বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক , আসাম প্রদেশ যুব মোর্চার সহ-সভাপতি নয়নজ্যোতি হাজারিকা , ডক্টর মিলন দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---